

নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন (Tripura Rural Livelihood Mission বা TRLM) - এর বিজ্ঞাপন নম্বর ০২/২০১৬ অনুসারে যে সকল প্রার্থী Office Attendant পদের জন্য আবেদন পত্র জমা দিয়েছিলেন, তাদের সাক্ষাত্কার(interview) গ্রহণের বিস্তারিত সময়সূচী বিগত ১৩/০৪/২০১৭ ইং তারিখের সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। এছাড়াও এই সময়সূচী tripura.gov.in এবং rural.tripura.gov.in, এই দুটি ওয়েবসাইটে দেখা যাবে। সংশ্লিষ্ট আবেদনকারীদের প্রতি নিজ নিজ টোকেন নম্বর অনুযায়ী সময়সূচী দেখে নিয়ে যথাসময়ে সাক্ষাত্কার স্থলে উপস্থিত হবার জন্য অনুরোধ করা হচ্ছে।

সাক্ষাত্কারের সময় আবেদনকারীদের নিম্নে উল্লিখিত শংসাপত্রগুলির মূল কপি (original) এবং স্ব-প্রত্যয়িত কপি (self-attested copy) নিয়ে আসার জন্য অনুরোধ করা হচ্ছে।

- ১) বয়সের প্রমাণপত্র।
- ২) নাগরিকত্বের প্রমাণপত্র অথবা পি. আর. টি. সি.।
- ৩) তপশীলি জাতি / উপজাতি (SC/ST) শংসাপত্র।
- ৪) শিক্ষাগত যোগ্যতার (সব স্তরের) শংসাপত্র অথবা মার্কশিট।
- ৫) পরিবারে কোনো সদস্য / সদস্যা কোনো সরকারী দপ্তরে কর্মরত আছেন কিনা তার স্ব-ঘোষণা (self-declaration)।
- ৬) নিজ মহকুমার মহকুমা শাসক দ্বারা জারি করা, আবেদনকারীর পরিবারের বার্ষিক আয় সংক্রান্ত সাম্প্রতিক শংসাপত্র।

উল্লেখ্য যে গত ১৬/০৩/২০১৭ এবং ২৬/০৩/২০১৭ তারিখের সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে সংশ্লিষ্ট আবেদনকারীদের উপরিউক্ত তালিকার ক্রমিক নং ৫ এবং ৬ এর নথিপত্র সংগ্রহ করে রাখতে অনুরোধ করা হয়েছিল।

স্বাঃ-(অরুণপ্রতন শর্মা)
মুখ্য কার্যনির্বাহী আধিকারিক
ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন